বিসিএস প্রশাসন
# একাডেমি বার্তা
www.bcsadminacademy.gov.bd অক্টোবর – ডিসেম্বর সংখ্যা ২০২২

## “সবাইকে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে বাংলাদেশের মানুষের ভাগ্য পরিবর্তনের ব্রত নিয়ে কাজ করতে হবে”

–মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা




প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিসিএস প্রশাসন একাডেমিতে ২ নভেম্বর ২০২২ তারিখে ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠিত হয়। এ আয়োজনে প্রধান অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, একাডেমির সকল অনুষদ সদস্য আমন্ত্রিত অতিথিবৃন্দ ও ১২৪তম, ১২৫তম এবং ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের ১০৩ জন প্রশিক্ষণার্থী। অনুষ্ঠানের শুরুতে প্রশিক্ষণার্থীদের শপথবাক্য পাঠ করান বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। তিনি স্বাগত বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রীকে বিসিএস প্রশাসন একাডেমিতে এসে নবীন কর্মকর্তাদের উৎসাহ প্রদান করায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম। মাননীয় প্রধানমন্ত্রী মেধাতালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয়স্থান অর্জনকারীসহ ১০৩ জন প্রশিক্ষণার্থীকে সফলভাবে কোর্স সমাপ্ত করায় সনদ প্রদান করেন। বিসিএস প্রশাসন ক্যাডারের নবীন কর্মকর্তাদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হতে সনদ গ্রহণের মূহুর্তটি ছিল পরম আনন্দের। মাননীয় প্রধানমন্ত্রী বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক প্রকাশিত প্রধানমন্ত্রীর ভাষণ সংকলন গ্রন্থের মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রী বলেন, “বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠা করার যে পরিকল্পনা নিয়েছি, সেই পরিকল্পনা বাস্তবায়নের মূল কারিগর আপনারাই হবেন। কাজেই বাংলাদেশের জনগণ যাতে সেবা পায়, সেভাবে কাজ করবেন।”

# মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ১২৪ তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ



১২৬তম আইন ও প্রশাসন কোর্সে রেক্টর মেডেল প্রাপ্ত প্রশিক্ষণার্থী ফারহানা নাসরীনকে মেডেল পরিয়ে দিচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা




বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক প্রকাশিত প্রধানমন্ত্রীর ভাষণ সংকলন গ্রন্থের মোড়ক উন্মোচন



বিসিএস প্রশাসন একাডেমির অনুষদ সদস্যদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা




বাংলাদেশের রাষ্ট্রভাষা সংগ্রাম ও বাঙালি জাতির আত্মত্যাগের ইতিহাস তুলে ধরা হয় সাংস্কৃতিক পরিবেশনায়



প্রশিক্ষণার্থীগণের সাংস্কৃতিক পরিবেশনা উপভোগ করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

# মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বঙ্গবন্ধু স্টাডি সেন্টারের উদ্বোধন

বিসিএস প্রশাসন একাডেমিতে ২ নভেম্বর ২০২২ তারিখে বঙ্গবন্ধু স্টাডি সেন্টারের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিসিএস প্রশাসন ক্যাডারের নতুন প্রজন্মের কর্মকর্তাদের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও দর্শন গ্রথিত করার লক্ষ্যে এই স্টাডি সেন্টার নির্মিত হয়েছে।





উদ্বোধনের পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সশরীরে বঙ্গবন্ধু স্টাডি সেন্টার পরিদর্শন করেন এবং এর কার্যক্রম বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।

একাডেমির মূল ভবনের দোতলায় নির্মিত হয়েছে বঙ্গবন্ধু স্টাডি সেন্টার। বংগবন্ধু স্টাডি সেন্টারটি বাংলাদেশের মুক্তিযুদ্ধ, ‘বঙ্গবন্ধু’ লেখা বই এবং বঙ্গবন্ধু নিয়ে রচিত বই ও প্রকাশনা দ্বারা সমৃদ্ধ। এখানে রয়েছে ই-বুক কার্যক্রম যা একাডেমির ওয়েবসাইটে অনলাইন লাইব্রেরির লিংক e-books এ ক্লিক করে পাওয়া যাবে।



# ১২৭তম, ১২৮তম ও ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন






১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি

বিসিএস প্রশাসন একাডেমিতে ২৭ নভেম্বর ২০২২ তারিখে ১২৭তম, ১২৮তম ও ১২৯তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। পাঁচমাস মেয়াদী এই প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস (উন্নয়ন ও গবেষণা) জনাব খায়রুল কবীর মেনন, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং ১২৭তম, ১২৮তম ও ১২৯তম আইন ও প্রশাসন কোর্সে প্রশিক্ষণার্থীবৃন্দ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কোর্স পরিচালক ও সরকারের যুগ্মসচিব ড. মোল্লা মাহমুদ হাসান উদ্বোধনী আয়োজনে স্বাগত বক্তব্য প্রদান করেন। ইতোপূর্বে ২৬ নভেম্বর এ কোর্সের প্রশিক্ষণার্থীদের একাডেমির পক্ষ থেকে স্বাগত জানানো হয়। বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান এই আইন ও প্রশাসন কোর্সে বিসিএস প্রশাসন ক্যাডারের ৩১তম বিসিএস ব্যাচ হতে ৩৭তম বিসিএস ব্যাচ পর্যন্ত মোট ১১৪ জন প্রশিক্ষণার্থী বর্তমানে প্রশিক্ষণ গ্রহণ করছেন।



## যোগব্যায়াম কর্মশালা

প্রশিক্ষণার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য ভালো রাখার উদ্দেশ্যে তাদের যোগব্যায়ামে উৎসাহী করতে বিসিএস প্রশাসন একাডেমিতে ১২৭তম, ১২৮তম ও ১২৯তম কোর্সের প্রশিক্ষণার্থীদের জন্য দুই দিনব্যাপী যোগ ব্যায়াম ওরিয়েন্টেশন-২০২২ কর্মশালা আয়োজিত হয়।

# ২৮তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স




২৮তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান



২৮তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের সনদ বিতরণ ও সমাপনী অনুষ্ঠান

বিসিএস প্রশাসন একাডেমিতে ৪ ডিসেম্বর হতে ২৯ ডিসেম্বর ২০২২ মেয়াদে ২৮তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স অনুষ্ঠিত হয়। প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডার হতে আসা উপসচিবগণের জন্য এই ট্রেনিং আয়োজিত হয়ে থাকে। ৪ ডিসেম্বর ২০২২ তারিখে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন। কোর্স পরিচালক জনাব ইলিয়া সুমনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন। ২৯ ডিসেম্বর কোর্সটির সমাপনী ও সনদ প্রদান করা হয়। একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সনদ প্রদান করেন। এ সময় বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদ সদস্যগণ উপস্থিত ছিলেন।



২৮তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের মাঠ সংযুক্তির অংশ হিসেবে প্রশিক্ষণার্থীবৃন্দ জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ পরিদর্শন করেন এবং মতবিনিময় সভায় অংশ নেন

# একাডেমিতে শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন






শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী অর্পণ এবং প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের শিশুসন্তানদের নিয়ে কেক কেটে শেখ রাসেল দিবস উদযাপনের আনুষ্ঠানিকতার সূচনা করা হয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠতম সন্তান শেখ রাসেল ১৮ অক্টোবর, ১৯৬৪ সালে জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধু তাঁর প্রিয় লেখক খ্যাতিমান দার্শনিক ও নোবেল বিজয়ী ব্যক্তিত্ব বার্ট্রান্ড রাসেলের নামানুসারে পরিবারের নতুন সদস্যের নাম রাখেন 'রাসেল'। শৈশব থেকেই দুরন্ত প্রাণবন্ত রাসেল ছিলেন পরিবারের সবার অতি আদরের। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার সময় রক্ষা পায়নি এই শিশু। তখন তিনি চতুর্থ শ্রেণির ছাত্র। ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিন ও শেখ রাসেল দিবসে বিসিএস প্রশাসন একাডেমি বিভিন্ন আয়োজনে দিনটি পালন করে। দিবসের শুরুতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব কে এম আলী আজম ও বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তা ও একাডেমির কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরবর্তীতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব কে এম আলী আজম, সভাপতিত্ব করেন একাডেমির রেক্টর জনাব মোমিনুর রশিদ আমিন। তাঁরা প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের শিশুসন্তানদের নিয়ে কেক কাটেন এবং শুভেচ্ছা উপহার বিতরণ করেন।

# দ্বিতীয় ভূমি ও প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক ট্রেনিং এর প্রশিক্ষণার্থীদের উপজেলা সংযুক্তি





২য় ভূমি ও প্রকল্প ব্যবস্থাপনা কোর্সের মাঠ সংযুক্তিতে টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলা ভ্রমণে প্রশিক্ষণার্থীদের সাথে একাডেমির অনুষদ সদস্যবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমিতে ১৩ নভেম্বর ২০২২ হতে ২৪ নভেম্বর ২০২২ তারিখে দ্বিতীয় ভূমি ও প্রকল্প ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব পর্যায়ের যে সকল কর্মকর্তা সহকারী কমিশনার (ভূমি) হিসেবে দায়িত্ব পালন করেননি অথবা আইন ও প্রশাসন কোর্স সম্পন্ন করেন নি, তাদেরকে ইউএনও ফিটলিস্টভুক্ত করণের লক্ষ্যে এ প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণটির মাঠ সংযুক্তির অংশ হিসেবে প্রশিক্ষণার্থীগণ টাঙ্গাইলের মির্জাপুর উপজেলায় যান এবং ভূমি ব্যবস্থাপনার প্রায়োগিক দিক সম্পর্কে ধারণা গ্রহণ করেন। এ সময় তাঁদের সাথে ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) জনাব মোঃ খায়রুল কবীর মেনন, কোর্স পরিচালক জনাব মোঃ আব্দুর রাজ্জাক, কোর্স সমন্বয়ক ড. মোহাম্মদ কামরুজ্জামান ও সহকারী কোর্স সমন্বয়ক জনাব সোহেল রানা উপস্থিত ছিলেন।

# বিসিএস প্রশাসন একাডেমির বিভিন্ন প্রশিক্ষণে আগত অতিথি বক্তাগণ




১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সে উন্মুক্ত সেশনে প্রশিক্ষণার্থীবৃন্দের প্রতি দিকনির্দেশনা প্রদান করেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কাউকাউস




২৭ অক্টোবর ২০২২ তারিখে ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সে উন্মুক্ত সেশনে প্রেক্ষিত পরিকল্পনা ও ব-দ্বীপ পরিকল্পনা বিষয়ে সেশন পরিচালনা করেন প্রধানমন্ত্রী কার্যালয়ের সিনিয়র সচিব জনাব তোফাজ্জল হোসেন মিয়া




২২ নভেম্বর ২০২২ তারিখে ২য় প্রকল্প ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পসমূহ বিষয়ে আলোচনা করেন জনপ্রশাসন মন্ত্রনালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী।

## বিসিএস প্রশাসন একাডেমির অগ্নিনির্বপণ বিষয়ক মহড়া



বিসিএস প্রশাসন একাডেমিতে ১৫ নভেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের সহযোগিতায় অগ্নিনির্বাপণ বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়। এতে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, অনুষদ সদস্যবৃন্দ, প্রশিক্ষণার্থীবৃন্দ ও কর্মচারীবৃন্দ অংশ নেন।

## ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের অতিথি রজনী

১২৪তম, ১২৫তম এবং ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের সাংস্কৃতিক আয়োজন অতিথি রজনী অনুষ্ঠিত হয় ২৭ অক্টোবর ২০২২ তারিখে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) মোমিনুর রশিদ আমিন। এছাড়াও উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ জনাব মোঃ খায়রুল কবীর মেনন, কোর্স পরিচালক জনাব ইলিয়া সুমনা এবং বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদ সদস্যগণ। অনুষ্ঠানে বাল্যবিবাহ প্রতিরোধে প্রশাসন ক্যাডার বিষয়ক সচেতনতামূলক নাটক মঞ্চস্থ হয়। এছাড়াও গান, আবৃত্তি, মাইম ও নৃত্য পরিবেশন করেন ১২৪তম, ১২৫তম এবং ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষনার্থীরা। অতিথি রজনীতে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের স্পাউজগনও আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান উপোভোগ করেন। কোর্সের সর্বশেষ এ আয়োজনে প্রধান অতিথি বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) মোমিনুর রশিদ আমিন বলেন, উগ্রবাদ প্রতিরোধে নবীন প্রজন্মকে সাংস্কৃতিক আবহে গড়ে তুলতে হবে। তিনি ১২৪তম, ১২৫তম এবং ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষনার্থীদের এ আয়োজনের জন্য ধন্যবাদ জানান।



বাল্যবিবাহ প্রতিরোধে প্রশাসন ক্যাডারের ভূমিকা বিষয়ক নাটক


## সম্পাদনা পর্ষদ

| | |
|---|---|
| উপদেষ্টা | : **মোমিনুর রশিদ আমিন**, রেক্টর (সচিব) |
| সম্পাদক | : **মোঃ খায়রুল কবীর মেনন**, মেম্বার ডিরেক্টিং স্টাফ |
| সদস্য | : **ড. আব্দুল আলীম খান**, পরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| | : **সোহেল রানা**, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| পরিকল্পনা ও বাস্তবায়নে | : **তানিয়া মুন**, প্রকাশনা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) |
| প্রকাশকাল | : জানুয়ারি ২০২৩ |


**বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি**
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন: +৮৮ (০২) ৫৫১৬৫৯০১
ফ্যাক্স : +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল: ddrp@bcsadminacademy.gov.bd